# Times Today BD

জেলা প্রতিনিধি | রাজশাহী | 21 April, 2025

দিনাজপুরের বীরগঞ্জে এক যুবক তাঁর স্ত্রীকে খোলা তালাক দিয়ে ১০ লিটার দুধ দিয়ে গোসল করেছেন।বিষয়টি নিয়ে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

প্রায় এক বছরের স্বামী-স্ত্রীর দাম্পত্য কলহ থেকে মুক্তি পাওয়ায় দুধ দিয়ে গোসল করেছেন বলে দাবি আব্দুর রহিমের ছেলে মো. সোহাগ ইসলামের। তাঁর বাড়ি বীরগঞ্জ পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডের স্লুইসগেট এলাকায়।

গতকাল রোববার বিকেলে এ ঘটনা ঘটে। তবে আজ সোমবার বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে শুরু হয় ব্যাপক আলোচনা-সমালোচনা।

□জানা গেছে, দুই বছর আগে সোহাগের সঙ্গে এক মেয়ের বিবাহ হয়।দাম্পত্যজীবনে তাঁদের কোনো সন্তানাদি নেই।□সোহাগের অভিযোগ, ‘দাম্পত্যজীবনে আমাদের দুজনের মধ্যে মিল ছিল না।তালাক হওয়ায় খুশি হয়ে স্ত্রীর পাপমোচন করতে দুধ দিয়ে গোসল করেছি।’

তালাক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:08

URL: https://www.timestodaybd.com/public/rajshahi/1188775807